ইত্তেফাক

তারিখ 02 MAR 1986
পৃষ্ঠা 1 কলাম 1

015

# এস এস সি পরীক্ষা গ্রহণের প্রস্তুতি সম্পন্ন

এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয়, আগামী ৬ই মার্চ দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হইয়াছে। বেসরকারী স্কুল শিক্ষকদের ধর্মঘটের ফলে যাহাতে এস এস সি পরীক্ষা বিঘ্নিত না হয় এবং শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণ করা যায় সেজন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

জেলা প্রশাসকগণ তাঁহাদের নিজ নিজ জেলায় মাধ্যমিক

(১১শ পৃঃ দ্রঃ)

# এস এস সি পরীক্ষার্থীদের প্রবেশপত্র সংগ্রহের নির্দেশ

গত রাতে এক তথ্য বিবরণীতে বলা হয়, আসন্ন এসএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র অবশ্যই ৩রা ও ৪ঠা মার্চের মধ্যে নিজ নিজ স্কুল হইতে সংগ্রহ করিতে হইবে। কোন স্কুল কর্তৃপক্ষ তাহাদের পরীক্ষার্থীদের মধ্যে প্রবেশপত্র বিতরণ না করিয়া থাকিলে পরীক্ষার্থিগণকে নিজ নিজ কেন্দ্র অথবা উপকেন্দ্র হইতে তাহাদের প্রবেশপত্র সংগ্রহ করার নির্দেশ দেওয়া হইয়াছে।

# এস এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

পরীক্ষা অনুষ্ঠানের সার্বিক দায়িত্বে থাকিবেন। প্রয়োজনবোধে তাঁহারা প্রত্যেক কেন্দ্রের জন্য কেন্দ্র সচিব ও পরীক্ষা হলের পরিদর্শক (ইনভিজিলেটর) নিয়োগ করিবেন এবং কেন্দ্র কমিটিও পুনর্গঠন করিতে পারিবেন। এই কাজে যে কোন সরকারী কর্মচারী, প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের কর্মকর্তা, সরকারী বে-সরকারী কলেজের শিক্ষক, সরকারী স্কুলের শিক্ষক, প্রাইমারী স্কুলের অভিজ্ঞ শিক্ষক, পি টি আই ষ্টাফ কিংবা ঐ কাজের জন্য যোগ্য বিবেচিত যে কোন ব্যক্তিকে নিয়োগ করিতে পারিবেন।

কেন্দ্র সচিবরা যাহাতে তাঁহাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেন উহা জেলা প্রশাসকগণ নিশ্চিত করিবেন। কেন্দ্র কর্তৃপক্ষ যাহাতে পরীক্ষার সরঞ্জাম ও প্রশ্নপত্র যথাযথভাবে গ্রহণ করিতে পারেন জেলা প্রশাসক উহার নিরাপত্তা বিধান করিবেন। অনুরূপভাবে উত্তরপত্র পূর্ণ নিরাপত্তার মাধ্যমে শিক্ষা বোর্ডে প্রেরণের ব্যবস্থা নিবেন।

সকল পরীক্ষার্থী যাহাতে তাহাদের স্কুল হইতে ৩রা ও ৪ঠা মার্চের মধ্যে প্রবেশপত্র সংগ্রহ করিতে পারেন, জেলা প্রশাসক উহার ব্যবস্থা গ্রহণ করিবেন। কোন কারণে স্কুল হইতে প্রবেশপত্র সংগ্রহ করা সম্ভব না হইলে পরীক্ষা কেন্দ্র/উপকেন্দ্র হইতে প্রবেশপত্র প্রদানের ব্যবস্থা করা হইবে। জেলা প্রশাসক এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। যদি কোন কেন্দ্র/উপকেন্দ্র পরীক্ষা গ্রহণের জন্য অসুবিধাজনক বলিয়া বিবেচিত হয় তাহা হইলে নিকটতম স্কুল, মাদ্রাসা অথবা কলেজে বিকল্প কেন্দ্র/উপকেন্দ্র স্থাপন করা যাইবে।

যে সব স্কুল পরীক্ষা গ্রহণ কাজে অসহযোগিতা করিবে সে সকল স্কুলের তালিকা মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশ দেওয়া হইয়াছে। উপরোক্ত ব্যবস্থা গ্রহণে উপজেলা চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা গ্রহণ করা হইবে।

সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনা ও কেন্দ্রের নিরাপত্তার জন্য প্রত্যেক জেলা প্রশাসক নিজ নিজ জেলায় তাহার সুবিবেচনায় যে কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।